## নয়া দিগন্ত



ঢাবির সলিমুল্লাহ মুসলিম হলে বিজয় উৎসবে বক্তব্য রাখছেন ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান

### ঢাবি সলিমুল্লাহ মুসলিম হলে বিজয় উৎসব

মহান বিজয় দিবস উপলক্ষে জুলাই গণ-অভ্যুত্থানকে উপজীব্য করে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) সলিমুল্লাহ মুসলিম হলে বিজয় উৎসব উদযাপিত হয়েছে। এ উপলক্ষে গতকাল সোমবার সন্ধ্যায় হল প্রাঙ্গণে আলোচনা সভা, স্মৃতিচারণ এবং লোকজ সঙ্গীত ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

হল প্রাধ্যক্ষ ড. আব্দুল্লাহ-আল-মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রোভিসি চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রোভিসি চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ৪র্থ পৃ: ২-এর কলামে

### ঢাবি সলিমুল্লাহ মুসলিম

৩য় পৃষ্ঠার পর

উৎসব উদযাপন কমিটির আহ্বায়ক ও হলের আবাসিক শিক্ষক অধ্যাপক ড. মুহাম্মদ রুহুল আমিন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন। জুলাই ছাত্র-জনতার অভ্যুত্থানের স্মৃতিচারণ করেন হলের শিক্ষার্থী রায়হান এবং অভ্যুত্থানে শহিদ কামাল মিয়ার মেয়ে সুরাইয়া আক্তার। বিজ্ঞপ্তি।

## জনকণ্ঠ

### ঢাবি সলিমুল্লাহ মুসলিম হলে বিজয় উৎসব উদযাপিত

জনকণ্ঠ ডেস্ক ॥ মহান বিজয় দিবস উপলক্ষে জুলাই গণঅভ্যুত্থানকে উপজীব্য করে ঢাকা বিশ্ববিদ্যালয় সলিমুল্লাহ মুসলিম হলে বিজয় উৎসব উদযাপিত হয়েছে। এ উপলক্ষে সোমবার সন্ধ্যায় হল প্রাঙ্গণে আলোচনা সভা, স্মৃতিচারণ এবং লোকজসংগীত ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

হল প্রাধ্যক্ষ ড. আব্দুল্লাহ-আল-মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। উৎসব উদযাপন কমিটির আহ্বায়ক ও হলের আবাসিক শিক্ষক অধ্যাপক ড. মুহাম্মদ রুহুল আমিন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন। জুলাই ছাত্র জনতার অভ্যুত্থানের স্মৃতিচারণ করেন হলের শিক্ষার্থী রায়হান এবং অভ্যুত্থানে শহিদ কামাল মিয়ার মেয়ে সুরাইয়া আক্তার।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, যাদের আত্মত্যাগের বিনিময়ে আমরা আজ স্বাধীন দেশ পেয়েছি তাদের অবদান তুলনাহীন। এই মহান শহীদদের ঋণ স্বীকার করা আমাদের প্রতিদিনের দায়িত্ব। শহীদ পরিবারের পাশে দাঁড়ানো আমাদের কর্তব্য। সাম্প্রতিক ছাত্র-জনতার অভ্যুত্থান সফল না হলে এই বিশ্ববিদ্যালয়ের অনেক শিক্ষার্থীকে চরম দুর্ভোগ পোহাতে হতো।

সলিমুল্লাহ মুসলিম হলের ঐতিহ্য তুলে ধরে তিনি বলেন, জাতির বিভিন্ন ক্রান্তিলগ্নে হলের শিক্ষার্থীরা সাহসী ভূমিকা রেখেছেন। দেশীয় সংস্কৃতির চর্চা ও সকলের মধ্যে ঐক্য গড়ে তুলতে এ ধরনের উৎসব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

## আলোকিত বাংলাদেশ



### ঢাবি সলিমুল্লাহ মুসলিম হলে বিজয় উৎসব উদযাপিত

আলোকিত ডেস্ক

মহান বিজয় দিবস উপলক্ষে জুলাই গণঅভ্যুত্থানকে উপজীব্য করে ঢাকা বিশ্ববিদ্যালয় সলিমুল্লাহ মুসলিম হলে বিজয় উৎসব উদযাপিত হয়েছে। এ উপলক্ষে গত সোমবার সন্ধ্যায় হল প্রাঙ্গণে আলোচনা সভা, স্মৃতিচারণ এবং লোকজ সংগীত ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। হল প্রাধ্যক্ষ ড. আব্দুল্লাহ-আল-মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। উৎসব উদযাপন কমিটির আহ্বায়ক ও হলের আবাসিক শিক্ষক অধ্যাপক ড. মুহাম্মদ রুহুল আমিন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন। জুলাই ছাত্র জনতার অভ্যুত্থানের স্মৃতিচারণ করেন হলের শিক্ষার্থী রায়হান এবং অভ্যুত্থানে শহিদ কামাল মিয়ার মেয়ে সুরাইয়া আক্তার। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, যাঁদের আত্মত্যাগের বিনিময়ে আমরা আজ স্বাধীন দেশ পেয়েছি তাঁদের অবদান তুলনাহীন। এই মহান শহিদদের ঋণ স্বীকার করা আমাদের প্রতিদিনের দায়িত্ব। শহিদ পরিবারের পাশে দাঁড়ানো আমাদের কর্তব্য। সাম্প্রতিক ছাত্র-জনতার অভ্যুত্থান সফল না হলে এই বিশ্ববিদ্যালয়ের অনেক শিক্ষার্থীকে চরম দুর্ভোগ পোহাতে হতো।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



# The Country Today



## Victory Festival Celebrated at DU Salimullah Muslim Hall

**DU Correspondent**

On the occasion of the Victory Day, the Victory Festival was celebrated at Dhaka University Salimullah Muslim Hall with the theme of the July Uprising.

On this occasion, a discussion meeting, remembrance, folk music and a pleasant cultural program were organized in the hall premises on Monday evening.

Dhaka University Vice-Chancellor Prof Dr. Niaz Ahmed Khan was present as the chief guest at the event.

Hall Provost Dr. Abdullah-Al-Mamun presided over the event, while Pro-Vice Chancellor (Administration) Professor Dr. Saima Haque Bidisha, Pro-Vice Chancellor (Education) Professor Dr. Mamun Ahmed and Treasurer Professor Dr. M. Jahangir Alam Chowdhury spoke as special guests. The convener of the festival celebration committee and resident teacher of the hall, Professor Dr. Muhammad Ruhul Amin delivered the welcome address at the function. The July student uprising was remembered by Raihan, a student of the hall, and Suraiya Akhtar, the daughter of martyr Kamal Miah, who was martyred in the uprising.

# মানবকণ্ঠ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠান গত সোমবার ঢাবির ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়
—মানবকণ্ঠ

# কালবেলা

## ডাকসু ভবনে হচ্ছে জুলাই স্মৃতি সংগ্রহশালা

জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানকে উপজীব্য করে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ভবনের দ্বিতীয় তলার একটি কক্ষে সাময়িকভাবে 'জুলাই আন্দোলন স্মৃতি সংগ্রহশালা' প্রতিষ্ঠার প্রাথমিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) রফিকুল ইসলাম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানে শহীদ এবং আহতদের স্মৃতি রক্ষার্থে তাদের ছবি, ঘড়ি, জুতা, জামা-কাপড়, চশমা, বই-খাতা-কলম, ব্যাগ, পরিচয়পত্র, মানিব্যাগ, মোবাইল ফোনসেট, লেখা, ডায়েরিসহ ব্যবহৃত ব্যক্তিগত জিনিসপত্র এই সংগ্রহশালায় স্থান পাবে। জুলাই আন্দোলনের শহীদ ও আহতদের নাম, ঠিকানা ও বিস্তারিত তথ্যসহ তাদের ব্যবহৃত জিনিসপত্র ৭ জানুয়ারির মধ্যে চারুকলা অনুষদের ডিন অফিসে জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানানো হয়। ▸▸ ঢাবি প্রতিনিধি

# The Country Today

## Initial decision taken to establish temporary July Movement Memorial Museum on DUCSU Building

DU Correspondent

Taking the July-August mass uprising as a theme, the initial decision was taken to temporarily establish a 'July Movement Memorial Museum' in a room on the second floor of the Dhaka University Central Students' Union (DUCSU) building.

To preserve the memory of the martyrs and injured in the anti-discrimination student movement and mass uprising, their photographs, watches, shoes, clothes, glasses, books, notebooks, pens, bags, identity cards, wallets, mobile sets, writings, diaries and other personal belongings will be placed in this museum. All concerned are urged to submit the names, addresses and detailed information of the martyrs and injured in the July Movement, along with their belongings, to the Dean's Office of the Faculty of Fine Arts, Dhaka University by January 7, 2025.

# ইত্তেফাক

## ঢাবিতে 'জুলাই আন্দোলন স্মৃতি সংগ্রহশালা' প্রতিষ্ঠার প্রাথমিক সিদ্ধান্ত

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ভবনের দ্বিতীয় তলায় একটি সাময়িক 'জুলাই আন্দোলন স্মৃতি সংগ্রহশালা' প্রতিষ্ঠার প্রাথমিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানের শহিদ ও আহতদের স্মৃতি সংরক্ষণের উদ্দেশ্যে এই সংগ্রহশালায় স্থান পাবে তাদের ব্যবহৃত ব্যক্তিগত জিনিসপত্র। এর মধ্যে থাকবে ছবি, ঘড়ি, চশমা, জুতা, জামাকাপড়, বই-খাতা, কলম, ব্যাগ, পরিচয়পত্র, মানিব্যাগ, মোবাইল সেট, ডায়েরি এবং তাদের লেখা।

শহিদ ও আহতদের নাম, ঠিকানা এবং বিস্তারিত তথ্যসহ এসব সামগ্রী ৭ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ডিন অফিসে জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সবাইকে আহ্বান জানানো হয়েছে।

# কালের কণ্ঠ

## ডাকসু ভবনে জুলাই আন্দোলন স্মৃতি সংগ্রহশালা প্রতিষ্ঠার সিদ্ধান্ত

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থানকে উপজীব্য করে ঢাকা বিশ্ববিদ্যালয়-কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) ভবনের দ্বিতীয় তলার একটি কক্ষে সাময়িকভাবে 'জুলাই আন্দোলন স্মৃতি সংগ্রহশালা' প্রতিষ্ঠার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

সংবাদ বজ্ঞপ্তিতে বলা হয়, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও গণ-অভ্যুত্থানে শহীদ ও আহতদের স্মৃতি রক্ষার্থে তাঁদের ছবি, ঘড়ি, জুতা, জামাকাপড়, চশমা, বই-খাতা, কলম, ব্যাগ, পরিচয়পত্র, মানিব্যাগ, মোবাইল ফোন সেট, লেখা, ডায়েরিসহ ব্যক্তিগত ব্যবহৃত জিনিস এই সংগ্রহশালায় স্থান পাবে।

জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, আন্দোলনে হতাহতদের নাম, ঠিকানা, বিস্তারিত তথ্যসহ তাঁদের ব্যবহৃত জিনিসপত্র আগামী ৭ জানুয়ারির মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ডিন অফিসে জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানানো হয়।

# দৈনিক বর্তমান

## ডাকসু ভবনে জুলাই আন্দোলন স্মৃতি সংগ্রহশালা প্রতিষ্ঠার প্রাথমিক সিদ্ধান্ত

ঢাবি প্রতিনিধি

জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানকে উপজীব্য করে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ভবনের দ্বিতীয় তলার একটি কক্ষে সাময়িকভাবে 'জুলাই আন্দোলন স্মৃতি সংগ্রহশালা' প্রতিষ্ঠার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানে শহিদ এবং আহতদের স্মৃতি রক্ষার্থে তাঁদের ছবি, ঘড়ি, জুতা, জামা-কাপড়, চশমা, বই-খাতা-কলম, ব্যাগ, পরিচয়পত্র, মানিব্যাগ, মোবাইল সেট, লেখা, ডাইরিসহ ব্যক্তিগত ব্যবহৃত

এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

### ডাকসু ভবনে জুলাই

জিনিসপত্র এই সংগ্রহশালায় স্থান পাবে। জুলাই আন্দোলনের শহীদ ও আহতদের নাম, ঠিকানা ও বিস্তারিত তথ্যসহ তাঁদের ব্যবহৃত জিনিসপত্র আগামী ০৭ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের ডিন অফিসে জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানানো হয়েছে।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



# যায়যায়দিন

শিক্ষা সংক্ষেপ

## ঢাবির উর্দু বিভাগে নবীনবরণ অনুষ্ঠিত

■ শিক্ষা জগৎ ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উর্দু বিভাগের প্রথমবর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের নবীনবরণ ও গজল সন্ধ্যা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের আরসি মজুমদার আর্টস মিলনায়তনে ২৯ ডিসেম্বর নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার সৈয়দ আহমেদ মারুফ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, বিভাগের চেয়ারম্যান মো. গোলাম মাওলা এবং অধ্যাপক ড. জাফর আহমদ ভূঁইয়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন।